বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

প্রথম সমাবর্তন–২০২৭ উপলক্ষে প্রাক্তন শিক্ষার্থীদের মতবিনিময় ও পরামর্শ আহ্বান

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরের প্রথম সমাবর্তন–২০২৭ আয়োজনকে সামনে রেখে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল প্রাক্তন শিক্ষার্থীর সঙ্গে মতবিনিময়, আলোচনা ও পরামর্শ গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে। উক্ত মত বিনিময় সভা আগামী ১১ নভেম্বর ২০২৬ খ্রি: দুপুর ০৩.০০ ঘটিকায় সিন্ডিকেট রুমে অনুষ্ঠিত হবে। আপনারা সভায় সরাসরি বা অনলাইনে যুক্ত হতে পারবেন।

এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের সমাবর্তন আয়োজনের বিভিন্ন বিষয় যেমন, সমাবর্তনের সার্বিক পরিকল্পনা, প্রাক্তন শিক্ষার্থীদের অংশগ্রহণ, নিবন্ধন প্রক্রিয়া, অনুষ্ঠান ব্যবস্থাপনা, সাংস্কৃতিক আয়োজন এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে তাঁদের মতামত ও প্রস্তাবনা প্রদানের জন্য বিশেষভাবে আহ্বান জানানো হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন একটি ঐতিহাসিক ও গৌরবময় উপলক্ষ। এ আয়োজনকে আরও সুন্দর, সুশৃঙ্খল, অংশগ্রহণমূলক ও স্মরণীয় করে তুলতে প্রাক্তন শিক্ষার্থীদের মূল্যবান মতামত, পরামর্শ ও সহযোগিতা একান্তভাবে কাম্য।

সকল প্রাক্তন শিক্ষার্থীকে স্বতঃস্ফূর্তভাবে আলোচনায় অংশগ্রহণ এবং গঠনমূলক মতামত প্রদানের অনুরোধ জানানো হলো।

আপনাদের অংশগ্রহণ, মতামত ও সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন হয়ে উঠুক সবার জন্য আনন্দময়, গর্বের ও স্মরণীয় এক মিলনমেলা।

ধন্যবাদান্তে,

08-11-2026

আহ্বায়ক
প্রথম সমাবর্তন–২০২৭
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।